ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

মে, ২০১৬ মাসে রেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ৯১.৬৭ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৯০.৭১ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৯৯%। এ সময় পর্যন্ত উৎপাদন ১০৫০.৬২ মে.টন। বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয়। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ৮৭৫.২৬ মে.টন। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ২০% বেশি ।

উৎপাদন ব্যয় :

মে, ২০১৬ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ১৩২৬ লক্ষ টাকা। এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৮৫৮.৬৪ লক্ষ টাকা। এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ৩৯১০৯.৫৭ লক্ষ টাকা। গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ৪৪৪৩৪.৬৩ লক্ষ টাকার তুলনায় ১২% কম।

২। বিক্রয় (পরিমাণ) :

চিনি :

মে, ২০১৬ মাসে চিনিকলসমূহে ১৭০৬০.৭২ মে.টন চিনি বিক্রয় হয়। এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ১১৮১২৭.৫৯ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ১১০০৩১.৮২ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৭.৩৬% বেশি।

মোলাসেস :

মে, ২০১৬ মাসে চিনিকলসমূহে ৫০৫৪.০০ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৪৪৬.৪২ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৬৮%। এসময় পর্যন্ত বিক্রয় ৪১১৯৯.৯৬ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ৪৪৯১৪.৩৮ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৮.২৭% কম ।

স্পিরিট ও এ্যালকোহল ও ফরেন লিকার :

মে, ২০১৬ মাসে কেরু ডিস্টিলারিতে ৪৬৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩২০০০১ প্রুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৬৯%। এ সময় পর্যন্ত বিক্রয় ৩৫০০৬৪৮ প্রুফ লিটার। গত বছর এসময়ে বিক্রয় ছিল ৩৬৭৩৭০৪.৮০ প্রুফ লিটার। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৪.৭১% কম।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

মে, ২০১৬ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ৯১.৬৭ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৬৯.৩২ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৭৬%। এ সময় পর্যন্ত বিক্রয় ৮৯৪ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৬৭৬.৯৬ মে.টন। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৩২.০৬% বেশি।

বিক্রয়(মূল্য) :

মে, ২০১৬ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ১৭০৬০.৭২ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ১০৫৩১.৬৬ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ১১১৭২.১৮ লক্ষ টাকার ৯৪%। এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ৭২৭৭৭.১৭ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ৬৭৩৭৮.৮৭ লক্ষ টাকার ৮% বেশি। পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল।

